**নির্বাহী প্রকৌশলীর কার্যালয়**
দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মিশন রোড, কসবা, দিনাজপুর।
ফোন অফিস-০৫৩১-৬৩২৫২
মোবাইল নং-০১৩১৮-২৩৫৫৩৬

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**

**Office of the Executive Engineer**
Dinajpur W.D. Division
BWDB, Mission Road, Kosba, Dinajpur.
Phone: Office-0531-63252
Mobile No.-01318-235536
E-mail: xen.dinajpurbwdb@yahoo.com
xen.dinajpur@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.২৭০০.১৯৪.০৭.০১৬.২৬-২৮৮৮

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**"একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে"**

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য (Works) ও ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Assistant Director, Regional Accounts Center, BWDB, Thakurgaon) এর অনুকূলে করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি এবং নবায়নের ফরম সরবরাহ ও গ্রহণ করা হবেনা। সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তি/নবায়ন দরপত্র আহবান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করেনা।

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন ফরম বিক্রয় ও গ্রহণের তফসিলঃ**

| ক্রঃ নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয়ের শুরুর তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত করা (কার্য (Works) ও পণ্য (Goods) | ০১ জুলাই ২০২৬ খ্রিঃ | ৩০ জুলাই ২০২৬ খ্রিঃ | ১৬ আগস্ট ২০২৬ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। |

**২। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনের তফসিলঃ**

| | | |
|---|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | : | ১) হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স।<br>২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট।<br>৩) নতুন তালিকাভুক্তি এর ক্ষেত্রে হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণী (কার্য-২৫.০০ লক্ষ টাকা, পণ্য-৩.০০ লক্ষ টাকা)।<br>৪) জাতীয় পরিচয়পত্র (NID)।<br>৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি।<br>৬) বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০ (তিন শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের অঙ্গিকারনামা। |
| আবেদন ফি | : | ৫০০/- (পাঁচশত) টাকার (ভ্যাট ব্যতীত) অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও বরাবর। |
| তালিকাভুক্তিকরণ ফি | : | নিবন্ধন ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা এবং সরকার নির্ধারিত ভ্যাট বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে নতুন তালিকাভুক্তির জন্য ৩০০০/- (তিন হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Assistant Director, Regional Accounts Center, BWDB, Thakurgaon) এর অনুকূলে অত্র দপ্তরে দাখিল করতে হবে। |

**৩। ঠিকাদার/সরবরাহকারীর নবায়নের তফসিলঃ**

| | | |
|---|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | : | ১) নির্ধারিত আবেদনপত্র<br>২) হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স।<br>৩) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নবায়ন ফি | : | নবায়ন ফি ২০০০/- (দুই হাজর) টাকা এবং সরকার নির্ধারিত ভ্যাট বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে নবায়নের জন্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সাথে ভ্যাট বাবদ ২২৫/- (দুইশত পচিশ) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Assistant Director, Regional Accounts Center, BWDB, Thakurgaon) এর অনুকূলে। |
| আবেদনের সময়সীমা | : | ১৬ আগস্ট ২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

তালিকাভুক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পুরণ সাপেক্ষে ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহিত হবে।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবারাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

(ফারুক আহমেদ) 07/07/26
আইডি নং-৮৪০১২৩০০১
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং-৪২.০১.২৭০০.১৯৪.০৭.০১৬.২৬-২৮৮৮(৫০)

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, ৭২-গ্রীন রোড, পান্থপথ, ঢাকা-১২১৫।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯, ৭২-গ্রীন রোড, পান্থপথ, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১ টি বাংলা ও ১টি ইংরেজি সংবাদপত্রে এবং দিনাজপুর জেলায় প্রকাশিত একটি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, ৭২ গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। পুলিশ সুপার, দিনাজপুর।
৮। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল/শিক্ষা প্রকৌশল/স্বাস্থ্য প্রকৌশল/বিএমডিএ/বিএডিসি/নেসকো-১/২, দিনাজপুর (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।
৯। নির্বাহী প্রকৌশলী, ঠাকুরগাঁও/পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও/পঞ্চগড় (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।
১০। নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।
১১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।
১২। জেলা মৎস্য কর্মকর্তা, দিনাজপুর।
১৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর।
১৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর।
১৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, দিনাজপুর পানি উন্নয়ন উপ-বিভাগ-১, বাপাউবো, দিনাজপুর ও সদস্য সচিব, Enlistment কমিটি।
১৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, দিনাজপুর পানি উন্নয়ন উপ-বিভাগ-২/বীরগঞ্জ, বাপাউবো, দিনাজপুর
১৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, ঠাকুরগাঁও পানি উন্নয়ন উপ-বিভাগ-৪, বাপাউবো, ঠাকুরগাঁও ও সদস্য, Enlistment কমিটি।
১৮। সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও।
১৯। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, দিনাজপুর।
২০। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, দিনাজপুর।
২১। প্রাক্কলনিক, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর।
২২। উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, দিনাজপুর পানি উন্নয়ন শাখা-১/২, বোচাগঞ্জ পানি উন্নয়ন শাখা, বীরগঞ্জ পানি উন্নয়ন শাখা-১/২, ঝাড়বাড়ী/চিরিরবন্দর/ফুলবাড়ী/বিরামপুর, পানি উন্নয়ন শাখা, বাপাউবো, দিনাজপুর।
২৩। উচ্চমান সহকারী, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি করণের ফরম আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং আবেদনপত্রসমূহ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
২৪। জনাব.................................................................................।
২৫। নোটিশ বোর্ড/অফিস কপি।

07/07/26
নির্বাহী প্রকৌশলী
দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, দিনাজপুর।